জুলাই - সেপ্টেম্বর/২০১২ সময়কালে শিল্প ঋণের সার্বিক অবস্থার পর্যালোচনামুলক প্রতিবেদন ।

দেশের সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের নিকট থেকে প্রাপ্ত ত্রৈমাসিক বিবরণীর তথ্যের ভিত্তিতে জুলাই - সেপ্টেম্বর/২০১২ সময়কালে শিল্প ঋণের বিতরণ, আদায়, মেয়াদোত্তীর্ণ, শ্রেণীবিন্যাসিত ও বকেয়ার একীভূত বিবরণী প্রস্তুত করা হয়েছে। উক্ত বিবরণীর পর্যালোচনামূলক প্রতিবেদন নিম্নে উপস্থাপন করা হ'ল:

০১। ঋণ বিতরণ:


জুলাই - সেপ্টেম্বর/১২ সময়কালে শিল্প ঋণ বিতরণের মোট পরিমাণ ছিল ৩৪,৫৫৪.২৪ কোটি টাকা, এর মধ্যে চলতি মূলধন ও মেয়াদী ঋণের বিতরণ ছিল যথাক্রমে ২৪,৮৩৩.৯৪ কোটি টাকা ও ৯,৭২০.৩০ কোটি টাকা। আলোচ্য সময়ে বিতরণকৃত মোট ৩৪,৫৫৪.২৪ কোটি টাকার মধ্যে রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহ ৮.২২%, বেসরকারী বাণিজ্যিক ব্যাংকসমূহ ৭৬.৯৩%, বিদেশী ব্যাংকসমূহ ৮.৫৭%, বিশেষায়িত ব্যাংকসমূহ ২.৯৩% এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহ ৩.৩৫% শিল্প ঋণ বিতরণ করেছে।

জুলাই-সেপ্টেম্বর/১১ সময়ে শিল্প ঋণ বিতরণের মোট পরিমাণ ছিল ২৪,৯৯৯.৯০ কোটি টাকা, যা' জুলাই- সেপ্টেম্বর/১২ সময়ে ৩৮.২২% বৃদ্ধি পেয়ে ৩৪,৫৫৪.২৪ কোটি টাকা হয়েছে। জুলাই-সেপ্টেম্বর/১১ সময়ের তুলনায় চলতি মূলধনের ক্ষেত্রে বিতরণ বৃদ্ধি পেয়েছে ৪১.৪০% এবং মেয়াদী ঋণ বিতরণ বৃদ্ধি পেয়েছে ৩০.৬৯%। নিম্নে ছক ও গ্রাফের মাধ্যমে বিষয়টি প্রদর্শিত হ'ল:

ছক-১: শিল্প ঋণ বিতরণ (বিগত অর্থবছরের একই সময়ের সাথে তুলনামূলক চিত্র) (কোটি টাকায়)

	জুলাই - সেপ্টেম্বর/১১	জুলাই - সেপ্টেম্বর/১২	পরিবর্তনের হার (%)
চলতি মূলধন	১৭,৫৬২.৪৬	২৪,৮৩৩.৯৪	(+) ৪১.৪০%
মেয়াদী ঋণ	৭,৪৩৭.৪৪	৯,৭২০.৩০	(+) ৩০.৬৯%
মোট	**২৪,৯৯৯.৯০**	**৩৪,৫৫৪.২৪**	**(+) ৩৮.২২%**

চিত্র-১: শিল্প ঋণ বিতরণ



জুলাই-সেপ্টেম্বর/১১ সময়ে মেয়াদী শিল্প ঋণ বিতরণের পরিমাণ ৭,৪৩৭.৪৪ কোটি টাকা, যা' জুলাই-সেপ্টেম্বর/১২ সময়ে ৩০.৬৯% বৃদ্ধি পেয়ে ৯,৭২০.৩০ কোটি টাকা হয়েছে। জুলাই-সেপ্টেম্বর/১১ এর তুলনায় জুলাই-সেপ্টেম্বর/১২ সময়ে বৃহৎ শিল্পে মেয়াদী ঋণ বিতরণ ২৩.২৩%, মাঝারী শিল্পে মেয়াদী ঋণ বিতরণ ৫৫.০০% এবং ক্ষুদ্র শিল্পে মেয়াদী ঋণ বিতরণ ১৫.৮১% বৃদ্ধি পেয়েছে। নিম্নে ছক ও গ্রাফের মাধ্যমে বিষয়টি প্রদর্শিত হ'ল:


ছক-২: মেয়াদী শিল্প ঋণ বিতরণ (বিগত অর্থবছরের একই সময়ের সাথে তুলনামূলক চিত্র) (কোটি টাকায়)

	জুলাই-সেপ্টেম্বর/১১	জুলাই-সেপ্টেম্বর/১২	পরিবর্তনের হার (%)
বৃহৎ শিল্প ঋণ	৫,০১৯.২০	৬,১৮৫.০৫	(+) ২৩.২৩%
মাঝারি শিল্প ঋণ	১,৮৭৪.৮১	২,৯০৫.৯০	(+) ৫৫.০০%
ক্ষুদ্র শিল্প ঋণ	৫৪৩.৪৩	৬২৯.৩৫	(+) ১৫.৮১%
মোট মেয়াদী ঋণ	৭,৪৩৭.৪৪	৯,৭২০.৩০	(+) ৩০.৬৯%

অপর পাতায় দ্রষ্টব্য

পূর্ব পাতার পর–

চিত্র-২: মেয়াদী ঋণ বিতরণ: তুলনামূলক চিত্র




এপ্রিল-জুন/১২ সময়ে শিল্প ঋণ বিতরণের পরিমাণ ৩০,৬৯৯.৬২ কোটি টাকা, যা' জুলাই-সেপ্টেম্বর/১২ সময়ে ১২.৫৬% বৃদ্ধি পেয়ে ৩৪,৫৫৪.২৪ কোটি টাকা হয়েছে। এপ্রিল-জুন/১২ এর তুলনায় জুলাই-সেপ্টেম্বর/১২ সময়ে চলতি মুলধন ঋণ বিতরণ ২১.২৫% বৃদ্ধি পেলেও মেয়াদী ঋণ বিতরণ ৪.৮৭% হ্রাস পেয়েছে। নিম্নে ছক ও গ্রাফের মাধ্যমে বিষয়টি প্রদর্শিত হ'ল:

ছক-৩: মোট শিল্প ঋণ বিতরণ (বিগত ত্রৈমাসিকের সাথে তুলনামূলক চিত্র) (কোটি টাকায়)

	এপ্রিল-জুন/১২	জুলাই-সেপ্টেম্বর/১২	পরিবর্তনের হার (%)
চলতি মূলধন	২০,৪৮১.৪১	২৪,৮৩৩.৯৪	(+) ২১.২৫%
মেয়াদী ঋণ	১০,২১৮.২১	৯,৭২০.৩০	(-) ৪.৮৭%
মোট	**৩০,৬৯৯.৬২**	**৩৪,৫৫৪.২৪**	(+) **১২.৫৬%**

চিত্র-৩: শিল্প ঋণ বিতরণ




এপ্রিল-জুন/১২ সময়ে মেয়াদী শিল্প ঋণ বিতরণের পরিমাণ ১০,২১৮.২১ কোটি টাকা, যা' জুলাই-সেপ্টেম্বর/১২ সময়ে ৪.৮৭% হ্রাস পেয়ে ৯,৭২০.৩০ কোটি টাকা হয়েছে। এপ্রিল-জুন/১২ এর তুলনায় জুলাই-সেপ্টেম্বর/১২ সময়ে বৃহৎ শিল্পে মেয়াদী ঋণ বিতরণ ৪.০৯% বৃদ্ধি পেলেও মাঝারী শিল্পে মেয়াদী ঋণ বিতরণ ২০.০০% এবং ক্ষুদ্র শিল্পে মেয়াদী ঋণ বিতরণ ২.২১% হ্রাস পেয়েছে। নিম্নে ছক ও গ্রাফের মাধ্যমে বিষয়টি প্রদর্শিত হ'ল:

ছক-৪: মেয়াদী শিল্প ঋণ বিতরণ (বিগত ত্রৈমাসিকের সাথে তুলনামূলক চিত্র) (কোটি টাকায়)

	এপ্রিল-জুন/১২	জুলাই-সেপ্টেম্বর/১২	পরিবর্তনের হার (%)
বৃহৎ শিল্প ঋণ	৫,৯৪২.২০	৬,১৮৫.০৫	(+) ৪.০৯%
মাঝারি শিল্প ঋণ	৩,৬৩২.৪২	২,৯০৫.৯০	(-) ২০.০০%
ক্ষুদ্র শিল্প ঋণ	৬৪৩.৫৯	৬২৯.৩৫	(-) ২.২১%
মোট মেয়াদী ঋণ	**১০,২১৮.২১**	**৯,৭২০.৩০**	(-) **৪.৮৭%**

অপর পাতায় দ্রষ্টব্য

পূর্ব পাতার পর-




০২। ঋণ আদায়:

জুলাই-সেপ্টেম্বর/১২ সময়ে শিল্প ঋণের মোট আদায়ের পরিমাণ ২৭,৯৩১.৭২ কোটি টাকা, তন্মধ্যে চলতি মূলধন ও মেয়াদী ঋণের আদায় যথাক্রমে ১৯,৭৪০.৬৮ কোটি টাকা ও ৮,১৯১.০৪ কোটি টাকা। আদায়কৃত এ অর্থের মধ্যে রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহ ৫.৯৩%, বেসরকারী বাণিজ্যিক ব্যাংকসমূহ ৭৫.১৪%, বিদেশী ব্যাংকসমূহ ১১.৬৩%, বিশেষায়িত ব্যাংকসমূহ ৩.২৭% এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহ ৪.০৩%।

জুলাই-সেপ্টেম্বর/১১ সময়ে আদায়কৃত শিল্প ঋণের পরিমাণ ছিল ২১,৭০৪.৩৬ কোটি টাকা, যা জুলাই-সেপ্টেম্বর/১২ সময়ে ২৮.৬৯% বৃদ্ধি পেয়ে ২৭,৯৩১.৭২ কোটি টাকা হয়েছে। এর মধ্যে চলতি মূলধনের আদায় বৃদ্ধি পেয়েছে ৩২.৫৫% এবং মেয়াদী ঋণের আদায় বেড়েছে ২০.২৬%। নিম্নের ছক ও গ্রাফের মাধ্যমে বিষয়টি প্রদর্শিত হ'ল ঃ

ছক-৫: শিল্প ঋণ আদায় (বিগত অর্থবছরের একই সময়ের সাথে তুলনামূলক চিত্র) (কোটি টাকায়)

	জুলাই - সেপ্টেম্বর/১১	জুলাই - সেপ্টেম্বর/১২	পরিবর্তনের হার (%)
চলতি মূলধন	১৪,৮৯৩.৪৮	১৯,৭৪০.৬৮	(+) ৩২.৫৫
মেয়াদী ঋণ	৬,৮১০.৮৮	৮,১৯১.০৪	(+) ২০.২৬
মোট	২১,৭০৪.৩৬	২৭,৯৩১.৭২	**(+) ২৮.৬৯**




জুলাই-সেপ্টেম্বর/১১ সময়ে মেয়াদী শিল্প ঋণ আদায়ের পরিমাণ ৬,৮১০.৮৮ কোটি টাকা, যা' জুলাই-সেপ্টেম্বর/১২ সময়ে ২০.২৬% বৃদ্ধি পেয়ে ৮,১৯১.০৪ কোটি টাকা হয়েছে। জুলাই-সেপ্টেম্বর/১১ এর তুলনায় জুলাই-সেপ্টেম্বর/১২ সময়ে বৃহৎ শিল্পে মেয়াদী ঋণ আদায় ৩৭.০৩%, ক্ষুদ্র শিল্প মেয়াদী ঋণ বিতরণ ১৬.৬২% বৃদ্ধি এবং মাঝারী শিল্পে মেয়াদী ঋণ আদায় ৪.৬৮% হ্রাস পেয়েছে। নিম্নে ছক ও গ্রাফের মাধ্যমে বিষয়টি প্রদর্শিত হ'ল:

অপর পাতা দ্রষ্টব্য


পূর্ব পাতার পর-

ছক-৬: মেয়াদী শিল্প ঋণ আদায় (বিগত অর্থবছরের একই সময়ের সাথে তুলনামূলক চিত্র) (কোটি টাকায়)			
	জুলাই-সেপ্টেম্বর/১১	জুলাই-সেপ্টেম্বর/১২	পরিবর্তনের হার (%)
বৃহৎ শিল্প ঋণ	৩,৮১৭.২৬	৫,২৩০.৮০	(+) ৩৭.০৩%
মাঝারি শিল্প ঋণ	২,৪৯২.২৫	২,৩৭৫.৫৪	(-) ৪.৬৮%
ক্ষুদ্র শিল্প ঋণ	৫০১.৩৭	৫৮৪.৭০	(+) ১৬.৬২%
মোট মেয়াদী ঋণ	**৬,৮১০.৮৮**	**৮,১৯১.০৪**	(+) **২০.২৬%**



এপ্রিল-জুন/১২ সময়ে শিল্প ঋণ আদায়ের পরিমাণ ২৩,৩৯৭.০৯ কোটি টাকা, যা' জুলাই-সেপ্টেম্বর/১২ সময়ে ১৯.৩৮% বৃদ্ধি পেয়ে ২৭,৯৩১.৭২ কোটি টাকা হয়েছে। এপ্রিল-জুন/১২ এর তুলনায় জুলাই-সেপ্টেম্বর/১২ সময়ে চলতি মুলধন ঋণ আদায় ২৭.২৯% এবং মেয়াদী ঋণ আদায় ৩.৮৩% বৃদ্ধি পেয়েছে। নিম্নে ছক ও গ্রাফের মাধ্যমে বিষয়টি প্রদর্শিত হ'ল:

ছক-৭: মোট শিল্প ঋণ আদায় (বিগত ত্রৈমাসিকের সাথে তুলনামূলক চিত্র) (কোটি টাকায়)			
	এপ্রিল-জুন/১২	জুলাই-সেপ্টেম্বর/১২	পরিবর্তনের হার (%)
চলতি মূলধন	১৫,৫০৮.২৬	১৯,৭৪০.৬৮	(+) ২৭.২৯%
মেয়াদী ঋণ	৭,৮৮৮.৮৩	৮,১৯১.০৪	(+) ৩.৮৩%
মোট	**২৩,৩৯৭.০৯**	**২৭,৯৩১.৭২**	(+) **১৯.৩৮%**




অপর পাতা দ্রষ্টব্য

পূর্ব পাতার পর-

এপ্রিল-জুন/১২ সময়ে মেয়াদী শিল্প ঋণ আদায়ের পরিমাণ ৭,৮৮৮.৮৩ কোটি টাকা, যা' জুলাই-সেপ্টেম্বর/১২ সময়ে ৩.৮৩% বৃদ্ধি পেয়ে ৮,১৯১.০৪ কোটি টাকা হয়েছে। এপ্রিল-জুন/১২ এর তুলনায় জুলাই-সেপ্টেম্বর/১২ সময়ে বৃহৎ শিল্পে মাঝারী শিল্পে মেয়াদী ঋণ আদায় ৮.৩৫% হ্রাস পেলেও বৃহৎ শিল্পে মেয়াদী ঋণ আদায় ৮.৮৫% এবং ক্ষুদ্র শিল্পে মেয়াদী ঋণ আদায় ১৮.৯৯% বৃদ্ধি পেয়েছে। নিম্নে ছক ও গ্রাফের মাধ্যমে বিষয়টি প্রদর্শিত হ'ল:

ছক-৮: মেয়াদী শিল্প ঋণ আদায় (বিগত ত্রৈমাসিকের সাথে তুলনামূলক চিত্র) (কোটি টাকায়)

	এপ্রিল-জুন/১২	জুলাই-সেপ্টেম্বর/১২	পরিবর্তনের হার (%)
বৃহৎ শিল্প ঋণ	৪,৮০৫.৬১	৫,২৩০.৮০	(+) ৮.৮৫%
মাঝারি শিল্প ঋণ	২,৫৯১.৮৩	২,৩৭৫.৫৪	(-) ৮.৩৫%
ক্ষুদ্র শিল্প ঋণ	৪৯১.৩৯	৫৮৪.৭০	(+) ১৮.৯৯%
মোট মেয়াদী ঋণ	**৭,৮৮৮.৮৩**	**৮,১৯১.০৪**	**(+) ৩.৮৩%**



০৩। **মেয়াদোত্তীর্ণ ঋণ:**

জুলাই-সেপ্টেম্বর/১২ সময়ে শিল্প খাতে মোট মেয়াদোত্তীর্ণ ঋণের পরিমাণ ১৫,২০৯.৫৯ কোটি টাকা, যা' শিল্পখাতে মোট বকেয়া ঋণস্থিতির ৯.৫৯%। এর মধ্যে চলতি মূলধন ও মেয়াদী ঋণের মেয়াদোত্তীর্ণের পরিমাণ ছিল যথাক্রমে ৭,১৮৩.৭৬ কোটি টাকা এবং ৮,০২৫.৮৩ কোটি টাকা। মোট মেয়াদোত্তীর্ণ ঋণের মধ্যে রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহ ৩৬.৩৭%, বেসরকারী বাণিজ্যিক ব্যাংকসমূহ ৪৯.৬১%, বিদেশী ব্যাংকসমূহ ২.৩৯%, বিশেষায়িত ব্যাংকসমূহ ৫.৫৭% এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহের ৬.০৬%।


জুলাই-সেপ্টেম্বর/১১ সময়ে শিল্প খাতে মোট মেয়াদোত্তীর্ণ ঋণের স্থিতি ছিল ১৩,৮৬৭.৯০ কোটি টাকা, যা' জুলাই-সেপ্টেম্বর/১২ সময়কালে ৯.৬৭% বৃদ্ধি পেয়ে ১৫,২০৯.৫৯ কোটি টাকা হয়েছে। এর মধ্যে চলতি মূলধন ২.৬৪% এবং মেয়াদী ঋণের হার ১৬.৮৫% বৃদ্ধি পেয়েছে। নিম্নে ছক ও গ্রাফের মাধ্যমে বিষয়টি প্রদর্শিত হল:

ছক-৯: শিল্প ঋণ বিতরণ (বিগত অর্থবছরের একই সময়ের সাথে তুলনামূলক চিত্র) (কোটি টাকায়)

	জুলাই - সেপ্টেম্বর/১১	জুলাই - সেপ্টেম্বর/১২	পরিবর্তনের হার (%)
চলতি মূলধন	৬,৯৯৯.১৮	৭,১৮৩.৭৬	(+) ২.৬৪
মেয়াদী ঋণ	৬,৮৬৮.৭২	৮,০২৫.৮৩	(+) ১৬.৮৫
মোট	**১৩,৮৬৭.৯০**	**১৫,২০৯.৫৯**	**(+) ৯.৬৭**

অপর পাতা দ্রষ্টব্য


পূর্ব পাতার পর-



জুলাই-সেপ্টেম্বর/১১ সময়ে শিল্পে মেয়াদোত্তীর্ণ মেয়াদী ঋণের পরিমাণ ৬,৮৬৮.৭২ কোটি টাকা, যা' জুলাই-সেপ্টেম্বর/১২ সময়ে ১৬.৮৫% বৃদ্ধি পেয়ে ৮,০২৫.৮৪ কোটি টাকা হয়েছে। জুলাই-সেপ্টেম্বর/১১ এর তুলনায় জুলাই-সেপ্টেম্বর/১২ সময়ে বৃহৎ শিল্পে মেয়াদোত্তীর্ণ মেয়াদী ঋণের পরিমাণ ২২.৬৮%, মাঝারী শিল্পে ১৫.৭৮% বৃদ্ধি এবং ক্ষুদ্র শিল্পে মেয়াদোত্তীর্ণ মেয়াদী ঋণের পরিমাণ ৯.২৩% হ্রাস পেয়েছে। নিম্নে ছক ও গ্রাফের মাধ্যমে বিষয়টি প্রদর্শিত হ'ল:

ছক-১০: মেয়াদোত্তীর্ণ মেয়াদী শিল্প ঋণ (বিগত অর্থবছরের একই সময়ের সাথে তুলনামূলক চিত্র) (কোটি টাকায়)

	জুলাই-সেপ্টেম্বর/১১	জুলাই-সেপ্টেম্বর/১২	পরিবর্তনের হার (%)
বৃহৎ শিল্প ঋণ	৪,১৩৬.৯৯	৫,০৭৫.৩২	(+) ২২.৬৮%
মাঝারি শিল্প ঋণ	১,৮৮২.৭৭	২,১৭৯.৯৫	(+) ১৫.৭৮%
ক্ষুদ্র শিল্প ঋণ	৮৪৮.৯৬	৭৭০.৫৭	(-) ৯.২৩%
মোট মেয়াদী ঋণ	**৬,৮৬৮.৭২**	**৮,০২৫.৮৪**	**(+) ১৬.৮৫%**




এপ্রিল-জুন/১২ সময়ে মেয়াদোত্তীর্ণ শিল্প ঋণের পরিমাণ ১৫,৩৭৬.৪০ কোটি টাকা, যা' জুলাই-সেপ্টেম্বর/১২ সময়ে ১.০৮% হ্রাস পেয়ে ১৫,২০৯.৫৯ কোটি টাকা হয়েছে। এপ্রিল-জুন/১২ এর তুলনায় জুলাই-সেপ্টেম্বর/১২ সময়ে মেয়াদী ঋণে মেয়াদোত্তীর্ণের পরিমাণ ৮.৬২% বৃদ্ধি পেলেও চলতি মুলধন ঋণে মেয়াদোত্তীর্ণের পরিমান ১০.০৬% হ্রাস পেয়েছে। নিম্নে ছক ও গ্রাফের মাধ্যমে বিষয়টি প্রদর্শিত হ'ল:

ছক-১১: মেয়াদোত্তীর্ণ শিল্প ঋণ (বিগত ত্রৈমাসিকের সাথে তুলনামূলক চিত্র) (কোটি টাকায়)

	এপ্রিল-জুন/১২	জুলাই-সেপ্টেম্বর/১২	পরিবর্তনের হার (%)
চলতি মূলধন	৭,৯৮৭.১৭	৭,১৮৩.৭৬	(-) ১০.০৬%
মেয়াদী ঋণ	৭,৩৮৯.২৩	৮,০২৫.৮৩	(+) ৮.৬২%
মোট	**১৫,৩৭৬.৪০**	**১৫,২০৯.৫৯**	(-) **১.০৮%**

অপর পাতা দ্রষ্টব্য


পূর্ব পাতার পর-



এপ্রিল-জুন/১২ সময়ে মেয়াদী শিল্প ঋণে মেয়াদোত্তীর্ণের পরিমাণ ৭,৩৮৯.২৩ কোটি টাকা, যা' জুলাই-সেপ্টেম্বর/১২ সময়ে ৮.৬২% বৃদ্ধি পেয়ে ৮,০২৫.৮৪ কোটি টাকা হয়েছে। এপ্রিল-জুন/১২ এর তুলনায় জুলাই-সেপ্টেম্বর/১২ সময়ে বৃহৎ শিল্পে মেয়াদী ঋণে মেয়াদোত্তীর্ণের পরিমাণ ২২.৫৯% বৃদ্ধি পেলেও মাঝারী শিল্পে মেয়াদী ঋণে মেয়াদোত্তীর্ণের পরিমাণ ৮.৭০% এবং ক্ষুদ্র শিল্পে মেয়াদী ঋণে মেয়াদোত্তীর্ণের পরিমাণ ১০.৫৩% হ্রাস পেয়েছে। নিম্নে ছক ও গ্রাফের মাধ্যমে বিষয়টি প্রদর্শিত হ'ল:

ছক-১২: মেয়াদোত্তীর্ণ মেয়াদী শিল্প ঋণ (বিগত ত্রৈমাসিকের সাথে তুলনামূলক চিত্র) (কোটি টাকায়)

	এপ্রিল-জুন/১২	জুলাই-সেপ্টেম্বর/১২	পরিবর্তনের হার (%)
বৃহৎ শিল্প ঋণ	৪,১৪০.২০	৫,০৭৫.৩২	(+) ২২.৫৯%
মাঝারি শিল্প ঋণ	২,৩৮৭.৭৪	২,১৭৯.৯৫	(-) ৮.৭০%
ক্ষুদ্র শিল্প ঋণ	৮৬১.২৯	৭৭০.৫৭	(-) ১০.৫৩%
মোট মেয়াদী ঋণ	**৭,৩৮৯.২৩**	**৮,০২৫.৮৪**	**(+) ৮.৬২%**



০৪। **শ্রেণীবিন্যাসিত ঋণ:**

জুলাই-সেপ্টেম্বর/১২ সময়ে শিল্প খাতে মোট শ্রেণীবিন্যাসিত ঋণের পরিমাণ ১০,৫৬২.৯০ কোটি টাকা, যা' শিল্পখাতে মোট বকেয়া ঋণ স্থিতির ৬.৬৬%। উক্ত সময়ে শ্রেণীবিন্যাসিত চলতি মূলধন ও মেয়াদী ঋণের পরিমাণ যথাক্রমে ৩,৫১৫.০৫ কোটি টাকা এবং ৭,০৪৭.৮৫ কোটি টাকা। এর মধ্যে রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের ৩৪.৩৪%, বেসরকারী বাণিজ্যিক ব্যাংকসমূহের ৪৩.৫৭%, বিদেশী ব্যাংকসমূহের ১.৭৩%, বিশেষায়িত ব্যাংকসমূহের ১০.৭২% এবং অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানসমূহের ৯.৬৪% শ্রেণীবিন্যাসিত ঋণ রয়েছে।

অপর পাতা দ্রষ্টব্য


পূর্ব পাতার পর-

জুলাই-সেপ্টেম্বর/১১ সময়ে শিল্প ঋণের মোট শ্রেণীবিন্যাসিত ঋণের পরিমাণ ছিল ৯,৪৩৫.৭০ কোটি টাকা, যা' বর্তমানে (জুলাই-সেপ্টেম্বর/১২) ১১.৯৫% বৃদ্ধি পেয়ে ১০,৫৬২.৯০ কোটি টাকায় দাঁড়িয়েছে। এর মধ্যে মেয়াদী ঋণ খাতে শ্রেণীবিন্যাসিত ঋণের পরিমাণ ১৯.৪৯% বৃদ্ধি পেলেও চলতি মূলধন খাতে ০.৬৪% হ্রাস পেয়েছে। নিম্নে ছক ও গ্রাফের মাধ্যমে বিষয়টি প্রদর্শিত হ'ল:

ছক-১৩: শ্রেণীবিন্যাসিত শিল্প ঋণ (বিগত অর্থবছরের একই সময়ের সাথে তুলনামূলক চিত্র) (কোটি টাকায়)

	জুলাই - সেপ্টেম্বর/১১	জুলাই - সেপ্টেম্বর/১২	পরিবর্তনের হার (%)
চলতি মূলধন	৩,৫৩৭.৬৫	৩,৫১৫.০৫	(-) ০.৬৪
মেয়াদী ঋণ	৫,৮৯৮.০৫	৭,০৪৭.৮৫	(+) ১৯.৪৯
মোট	**৯,৪৩৫.৭০**	**১০,৫৬২.৯০**	**(+) ১১.৯৫**

চিত্র-১৩: শ্রেণীবিন্যাসিত শিল্প ঋণ: তুলনামূলক চিত্র




জুলাই-সেপ্টেম্বর/১১ সময়ে শ্রেণীবিন্যাসিত মেয়াদী শিল্প ঋণের পরিমাণ ৫,৮৯৮.০৫ কোটি টাকা, যা' জুলাই-সেপ্টেম্বর/১২ সময়ে ১৯.৪৯% বৃদ্ধি পেয়ে ৭,০৪৭.৮৫ কোটি টাকা হয়েছে। জুলাই-সেপ্টেম্বর/১১ এর তুলনায় জুলাই-সেপ্টেম্বর/১২ সময়ে বৃহৎ শিল্পে শ্রেণীবিন্যাসিত মেয়াদী ঋণের পরিমাণ ৪১.১০%, মাঝারী শিল্পে শ্রেণীবিন্যাসিত মেয়াদী ঋণের পরিমাণ ৪০.৪৩% বৃদ্ধি পেলেও ক্ষুদ্র শিল্পে শ্রেণীবিন্যাসিত মেয়াদী ঋণের পরিমাণ ৫২.৬৯% হ্রাস পেয়েছে। নিম্নে ছক ও গ্রাফের মাধ্যমে বিষয়টি প্রদর্শিত হ'ল:

ছক-১৪: শ্রেণীবিন্যাসিত মেয়াদী শিল্প ঋণ বিতরণ (বিগত অর্থবছরের একই সময়ের সাথে তুলনামূলক চিত্র) (কোটি টাকায়)

	জুলাই-সেপ্টেম্বর/১১	জুলাই-সেপ্টেম্বর/১২	পরিবর্তনের হার (%)
বৃহৎ শিল্প ঋণ	২,৯৩৭.১৮	৪,১৪৪.৩৪	(+) ৪১.১০%
মাঝারি শিল্প ঋণ	১,৬১৩.৭৪	২,২৬৬.১৯	(+) ৪০.৪৩%
ক্ষুদ্র শিল্প ঋণ	১,৩৪৭.১৩	৬৩৭.৩২	(-) ৫২.৬৯%
মোট মেয়াদী ঋণ	**৫,৮৯৮.০৫**	**৭,০৪৭.৮৫**	(+) **১৯.৪৯%**

চিত্র-১৪: শ্রেণীবিন্যাসিত মেয়াদী শিল্প ঋণ: তুলনামূলক চিত্র



অপর পাতা দ্রষ্টব্য


পূর্ব পাতার পর-

এপ্রিল-জুন/১২ সময়ে শ্রেণীবিন্যাসিত শিল্প ঋণের পরিমাণ ৮,৬৮৬.৫০ কোটি টাকা, যা' জুলাই-সেপ্টেম্বর/১২ সময়ে ২১.৬০% বৃদ্ধি পেয়ে ১০,৫৬২.৯০ কোটি টাকা হয়েছে। এপ্রিল-জুন/১২ এর তুলনায় জুলাই-সেপ্টেম্বর/১২ সময়ে শ্রেণীবিন্যাসিত চলতি মুলধন ঋণ ১৬.৯৯% এবং শ্রেণীবিন্যাসিত মেয়াদী ঋণ ২৪.০৪% বৃদ্ধি পেয়েছে। নিম্নে ছক ও গ্রাফের মাধ্যমে বিষয়টি প্রদর্শিত হ'ল:

ছক-১৫: শ্রেণীবিন্যাসিত শিল্প ঋণ (বিগত ত্রৈমাসিকের সাথে তুলনামূলক চিত্র) (কোটি টাকায়)

	এপ্রিল-জুন/১২	জুলাই-সেপ্টেম্বর/১২	পরিবর্তনের হার (%)
চলতি মূলধন	৩,০০৪.৬৫	৩,৫১৫.০৫	(+) ১৬.৯৯%
মেয়াদী ঋণ	৫,৬৮১.৮৫	৭,০৪৭.৮৫	(+) ২৪.০৪%
মোট	**৮,৬৮৬.৫০**	**১০,৫৬২.৯০**	(+) **২১.৬০%**

চিত্র-১৫: শ্রেণীবিন্যাসিত শিল্প ঋণ: তুলনামূলক চিত্র




এপ্রিল-জুন/১২ সময়ে শ্রেণীবিন্যাসিত মেয়াদী শিল্প ঋণের পরিমাণ ৫,৬৮১.৮৫ কোটি টাকা, যা' জুলাই-সেপ্টেম্বর/১২ সময়ে ২৪.০৪% বৃদ্ধি পেয়ে ৭,০৪৭.৮৫ কোটি টাকা হয়েছে। এপ্রিল-জুন/১২ এর তুলনায় জুলাই-সেপ্টেম্বর/১২ সময়ে বৃহৎ শিল্পে শ্রেণীবিন্যাসিত মেয়াদী ঋণের পরিমাণ ৩৭.৭৪%, মাঝারী শিল্পে শ্রেণীবিন্যাসিত মেয়াদী ঋণের পরিমাণ ৯.১৮% এবং ক্ষুদ্র শিল্পে শ্রেণীবিন্যাসিত মেয়াদী ঋণের পরিমাণ ৬.৬৮% বৃদ্ধি পেয়েছে। নিম্নে ছক ও গ্রাফের মাধ্যমে বিষয়টি প্রদর্শিত হ'ল:

ছক-১৬: শ্রেণীবিন্যাসিত মেয়াদী শিল্প ঋণ (বিগত ত্রৈমাসিকের সাথে তুলনামূলক চিত্র) (কোটি টাকায়)

	এপ্রিল-জুন/১২	জুলাই-সেপ্টেম্বর/১২	**পরিবর্তনের হার (%)**
বৃহৎ শিল্প ঋণ	৩,০০৮.৮২	৪,১৪৪.৩৪	(+) ৩৭.৭৪%
মাঝারি শিল্প ঋণ	২,০৭৫.৬৩	২,২৬৬.১৯	(+) ৯.১৮%
ক্ষুদ্র শিল্প ঋণ	৫৯৭.৪০	৬৩৭.৩২	(+) ৬.৬৮%
মোট মেয়াদী ঋণ	**৫,৬৮১.৮৫**	**৭,০৪৭.৮৫**	(+) **২৪.০৪%**

চিত্র-১৬: শ্রেণীবিন্যাসিত মেয়াদী শিল্প ঋণ: তুলনামূলক চিত্র



অপর পাতা দ্রষ্টব্য

পূর্ব পাতার পর-

০৫। বকেয়া ঋণস্থিতি:


জুলাই-সেপ্টেম্বর/১২ সময় শেষে শিল্প খাতে মোট ঋণের বকেয়া স্থিতির পরিমাণ ১,৫৮,৬৪৮.৮৭ কোটি টাকা। এর মধ্যে চলতি মূলধন খাতে বকেয়া ঋণস্থিতি ৭৩,৭৪৩.৫৭ কোটি টাকা এবং মেয়াদী ঋণ খাতে বকেয়া ঋণস্থিতি ৮৪,৯০৫.৩০ কোটি টাকা। মোট বকেয়া ঋণস্থিতির ১৭.৩৩% রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের, ৬৪.৫২% বেসরকারী বাণিজ্যিক ব্যাংকসমূহের, ৫.৫৬% বিদেশী ব্যাংকসমূহের, ৪.৯৮% বিশেষায়িত ব্যাংকসমূহের এবং ৭.৬১% অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানসমূহের।

জুলাই-সেপ্টেম্বর/১১ সময় শেষে শিল্প খাতে মোট ঋণের বকেয়া স্থিতির পরিমাণ ছিল ১,২৯,০৭৬.২৬ কোটি টাকা, যা বর্তমান সময়ে (জুলাই-সেপ্টেম্বর/১২) ২২.৯১% বৃদ্ধি পেয়ে ১,৫৮,৬৪৮.৮৭ কোটি টাকা হয়েছে। এর মধ্যে চলতি মূলধন ঋণের বকেয়া স্থিতি ২৩.১৯% বৃদ্ধি পেয়ে ৭৩,৭৪৩.৫৭ কোটি টাকা এবং মেয়াদী ঋণের বকেয়া স্থিতি ২২.৬৭% বৃদ্ধি পেয়ে ৮৪,৯০৫.৩০ কোটি টাকা হয়েছে। নিম্নে ছক ও গ্রাফের মাধ্যমে বিষয়টি প্রদর্শিত হ'ল:

ছক-১৭: শিল্প ঋণের বকেয়া স্থিতি (বিগত অর্থবছরের একই সময়ের সাথে তুলনামূলক চিত্র) (কোটি টাকায়)

	জুলাই - সেপ্টেম্বর/১১	জুলাই - সেপ্টেম্বর/১২	পরিবর্তনের হার (%)
চলতি মূলধন	৫৯,৮৫৯.৮৩	৭৩,৭৪৩.৫৭	(+) ২৩.১৯%
মেয়াদী ঋণ	৬৯,২১৬.৪৩	৮৪,৯০৫.৩০	(+) ২২.৬৭%
মোট	**১,২৯,০৭৬.২৬**	**১,৫৮,৬৪৮.৮৭**	**(+) ২২.৯১%**

চিত্র-১৭: শিল্প ঋণের বকেয়া স্থিতি: তুলনামূলক চিত্র



জুলাই-সেপ্টেম্বর/১১ সময়ে মেয়াদী শিল্প ঋণের বকেয়া স্থিতির পরিমাণ ৬৯,২১৬.৪৩ কোটি টাকা, যা' জুলাই-সেপ্টেম্বর/১২ সময়ে ২২.৬৭% বৃদ্ধি পেয়ে ৮৪,৯০৫.৩০ কোটি টাকা হয়েছে। জুলাই-সেপ্টেম্বর/১১ এর তুলনায় জুলাই-সেপ্টেম্বর/১২ সময়ে বৃহৎ শিল্পে মেয়াদী শিল্প ঋণের বকেয়া স্থিতির পরিমাণ ২০.০৩%, মাঝারী শিল্পে মেয়াদী শিল্প ঋণের বকেয়া স্থিতির পরিমাণ ২২.৭৮% এবং ক্ষুদ্র শিল্পে মেয়াদী শিল্প ঋণের বকেয়া স্থিতির পরিমাণ ৪১.৮০% বৃদ্ধি পেয়েছে। নিম্নে ছক ও গ্রাফের মাধ্যমে বিষয়টি প্রদর্শিত হ'ল:


ছক-১৮: মেয়াদী শিল্প ঋণের বকেয়া স্থিতি (বিগত অর্থবছরের একই সময়ের সাথে তুলনামূলক চিত্র) (কোটি টাকায়)

	জুলাই-সেপ্টেম্বর/১১	জুলাই-সেপ্টেম্বর/১২	পরিবর্তনের হার (%)
বৃহৎ শিল্প ঋণ	৪৬,২২৭.৬৮	৫৫,৪৮৯.১৬	(+) ২০.০৩%
মাঝারি শিল্প ঋণ	১৬,৭৩২.৬৫	২০,৫৪৪.৮১	(+) ২২.৭৮%
ক্ষুদ্র শিল্প ঋণ	৬,২৫৬.১০	৮,৮৭১.৩৩	(+) ৪১.৮০%
মোট মেয়াদী ঋণ	**৬৯,২১৬.৪৩**	**৮৪,৯০৫.৩০**	**(+) ২২.৬৭%**

অপর পাতা দ্রষ্টব্য

পূর্ব পাতার পর-

চিত্র-১৮: মেয়াদী শিল্প ঋণের বকেয়া স্থিতি: তুলনামূলক চিত্র




এপ্রিল-জুন/১২ সময়ে শিল্প ঋণ বকেয়া স্থিতির পরিমাণ ১,৪৬,৯০৭.৮২ কোটি টাকা, যা' জুলাই-সেপ্টেম্বর/১২ সময়ে ৭.৯৯% বৃদ্ধি পেয়ে ১,৫৮,৬৪৮.৮৭ কোটি টাকা হয়েছে। এপ্রিল-জুন/১২ এর তুলনায় জুলাই-সেপ্টেম্বর/১২ সময়ে চলতি মুলধন ঋণের বকেয়া স্থিতির পরিমাণ ১০.৬১% এবং মেয়াদী ঋণের বকেয়া স্থিতির ৫.৮২% বৃদ্ধি পেয়েছে। নিম্নে ছক ও গ্রাফের মাধ্যমে বিষয়টি প্রদর্শিত হ'ল:

ছক-১৯: শিল্প ঋণের বকেয়া স্থিতি (বিগত ত্রৈমাসিকের সাথে তুলনামূলক চিত্র) (কোটি টাকায়)

	এপ্রিল-জুন/১২	জুলাই-সেপ্টেম্বর/১২	পরিবর্তনের হার (%)
চলতি মূলধন	৬৬,৬৭২.৩৮	৭৩,৭৪৩.৫৭	(+) ১০.৬১%
মেয়াদী ঋণ	৮০,২৩৫.৪৪	৮৪,৯০৫.৩০	(+) ৫.৮২%
মোট	**১,৪৬,৯০৭.৮২**	**১,৫৮,৬৪৮.৮৭**	(+) **৭.৯৯%**

চিত্র-১৯: শিল্প ঋণের বকেয়া স্থিতি: তুলনামূলক চিত্র




এপ্রিল-জুন/১২ সময়ে মেয়াদী শিল্প ঋণের বকেয়া স্থিতির পরিমাণ ৮০,২৩৫.৪৪ কোটি টাকা, যা' জুলাই-সেপ্টেম্বর/১২ সময়ে ৫.৮২% বৃদ্ধি পেয়ে ৮৪,৯০৫.৩০ কোটি টাকা হয়েছে। এপ্রিল-জুন/১২ এর তুলনায় জুলাই-সেপ্টেম্বর/১২ সময়ে মাঝারী শিল্পে মেয়াদী ঋণের বকেয়া স্থিতির পরিমাণ ১২.০৩% হ্রাস পেলেও বৃহৎ শিল্পে মেয়াদী ঋণের বকেয়া স্থিতির পরিমাণ ১৩.৮৪% এবং ক্ষুদ্র শিল্পে মেয়াদী ঋণের বকেয়া স্থিতির পরিমাণ ৯.০৩% বৃদ্ধি পেয়েছে। নিম্নে ছক ও গ্রাফের মাধ্যমে বিষয়টি প্রদর্শিত হ'ল:

ছক-২০: মেয়াদী শিল্প ঋণের বকেয়া স্থিতি (বিগত ত্রৈমাসিকের সাথে তুলনামূলক চিত্র) (কোটি টাকায়)

	এপ্রিল-জুন/১২	জুলাই-সেপ্টেম্বর/১২	পরিবর্তনের হার (%)
বৃহৎ শিল্প ঋণ	৪৮,৭৪৩.৭৫	৫৫,৪৮৯.১৬	(+) ১৩.৮৪%
মাঝারি শিল্প ঋণ	২৩,৩৫৫.৩৮	২০,৫৪৪.৮১	(-) ১২.০৩%
ক্ষুদ্র শিল্প ঋণ	৮,১৩৬.৩১	৮,৮৭১.৩৩	(+) ৯.০৩%
মোট মেয়াদী ঋণ	**৮০,২৩৫.৪৪**	**৮৪,৯০৫.৩০**	(+) **৫.৮২%**

অপর পাতা দ্রষ্টব্য

পূর্ব পাতার পর-



শিল্প ঋণের বর্ণিত তথ্য হতে বিগত বছরের একই সময়ের সঙ্গে তুলনা করলে দেখা যায় যে, জুলাই-সেপ্টেম্বর/১১ অপেক্ষা জুলাই-সেপ্টেম্বর/১২ সময়কালে ঋণ বিতরণ ৩৮.২২%, আদায় ২৮.৬৯%, মেয়াদোত্তীর্ণ ৯.৬৭%, বকেয়া ঋণ স্থিতি ২২.৯১% এবং শ্রেণীকৃত ঋণের পরিমাণ ১১.৯৫% বৃদ্ধি পেয়েছে।

অপরদিকে বিগত ত্রৈমাসিক অর্থাৎ এপ্রিল-জুন/১২ অপেক্ষা জুলাই-সেপ্টেম্বর/১২ সময়কালে মেয়াদোত্তীর্ণ ঋণ ১.০৮% হ্রাস পেয়েছে, তবে ঋণ বিতরণ ১২.৫৬%, ঋণ আদায় ১৯.৩৮%, বকেয়া ঋণ স্থিতি ৭.৯৯% এবং শ্রেণীবিন্যাসিত ঋণ ২১.৬০% বৃদ্ধি পেয়েছে।

জুলাই-সেপ্টেম্বর/১২ সময়কালে সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের শিল্পখাতে শ্রেণীকৃত ঋণের পর্যালোচনায় দেখা যায় সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের শিল্পঋণের বকেয়া স্থিতির বিপরীতে শ্রেণীকৃত ঋণের গড় হার ৬.৬৬%।

যেসব ব্যাংক ও নন্-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানের শ্রেণীকৃত ঋণের হার তুলনামূলক বেশি সেসব প্রতিষ্ঠানকে আদায় কার্যক্রম জোরদার করে তাদের শ্রেণীকৃত ঋণের হার কমিয়ে আনার জন্য অত্র বিভাগের পক্ষ থেকে উদ্যোগ নেয়া হচ্ছে।